

ছেলে হোক, মেয়ে হোক  
দুটি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
পরিকল্পনা ইউনিট  
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.dgfp.gov.bd।



নং-৫৯.১১.০০০০.৫০০.০৫.১০৪.২০২২- ৪৪০

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ  
১৬ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : নৈতিকতা কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।


১২-০৫-২০২২খ্রি. তারিখে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ও নৈতিকতা কমিটির আহবায়ক জনাব সাহান আরা বানু, এনডিসি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্তসমূহ (সংশ্লিষ্ট বিষয়) বাস্তবায়নের জন্য সকল ইউনিটকে অনুরোধ করা হয়। তন্মধ্যে পরিকল্পনা ইউনিট সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে; যা নিম্নে বিস্তারিতভাবে পেশ করা হ'ল:

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল ইউনিটকে নির্দেশনা প্রদান করা হয়।	নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল ইউনিটের ওপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	পরিকল্পনা ইউনিটের সকল কর্মকর্তা/কর্মচারী
২.	কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে নিয়মিত উপস্থিতি	পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত অফিস সময়সূচি অনুযায়ী কর্মস্থলে নিয়মিত উপস্থিতি নিশ্চিতকল্পে ইতোমধ্যে face detection attendance device স্থাপন করা হয়েছে, যাতে কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আগমন ও প্রস্থানের তথ্য লিপিবদ্ধ থাকে। উক্ত তথ্য প্রিন্ট করে কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে আগমন ও প্রস্থানের বিষয়টি বিশ্লেষণ করে অধিকতর কার্যকরভাবে মনিটরিং করা হচ্ছে।	সকল কর্মকর্তা/ কর্মচারীকে নির্ধারিত অফিস সময়সূচি অনুযায়ী অফিসে উপস্থিত হতে হবে এবং হাজিরা নিশ্চিত করতে হবে।	পরিকল্পনা ইউনিটের সকল কর্মকর্তা/কর্মচারী  ডিডিও/পিএ
৩.	ই-ফাইলিং কার্যক্রম ও ফাইল ব্যবস্থাপনা	১। সকল শাখায় ই-ফাইলিং কার্যক্রম এ মাসের মধ্যেই চালু করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ২। প্রতিটি ইউনিটের বর্তমানে উপস্থাপিত ফাইল ও পুরনো ফাইল ব্যবস্থাপনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	১। এ মাসের মধ্যেই সকল শাখায় ই-ফাইলিং কার্যক্রম চালু করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। ২। প্রতিটি ইউনিটের বর্তমানে উপস্থাপিত ফাইলের শ্রেণী উল্লেখ করতে হবে এবং পুরনো ফাইল ব্যবস্থাপনার লক্ষ্যে স্ব স্ব ইউনিটে কমিটি গঠন করে, ফাইলের শ্রেণী নির্ধারণ করে দ্রুত ফাইল সংরক্ষণ/বিনষ্টকরণের ব্যবস্থা করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী  ডিডিও/গুদাম রক্ষক

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪,	কর্ম-পরিবেশ উন্নয়ন	কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে সকল ইউনিটের অকেজো মালামাল বিনষ্টকরণ/অপসারণ/নিলামকরণ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করা হয়।	উন্নত কর্ম-পরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে সকল ইউনিটের অকেজো মালামাল বিনষ্টকরণ/ অপসারণ/ নিলাম এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম বৃদ্ধি করার লক্ষ্যে সকল ইউনিটে কমিটি গঠন করে ১ মাসের মধ্যে স্ব স্ব ইউনিটের অকেজো মালামাল বিনষ্টকরণ/ অপসারণ/নিলাম এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা জোড়দারকরণ বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	পরিকল্পনা ইউনিটের ডিডিও/ গুদাম রক্ষক
৫.	আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন	৭টি অপারেশাল প্ল্যান এর অনুকূলে ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ৭৯৬.৪২ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এপ্রিল, ২০২২খ্রি. মাস পর্যন্ত ৭টি অপারেশনাল প্ল্যানের অনুকূলে অর্থ ছাড় হয়েছে ৭২২.৬৯ কোটি টাকা। এপ্রিল, ২০২২ খ্রি. পর্যন্ত ব্যয় হয়েছে ৪৪৩.৪১ কোটি টাকা, ৫৬.৬৭%। এপ্রিল, ২০২২খ্রি. পর্যন্ত অর্থ ছাড়ের বিপরীতে অগ্রগতি ৬১.৩৫% বিষয়টি সভাকে অবহিত করা হয়।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করা হয়।	পরিকল্পনা ইউনিটের ডিডিও/ গক-২/হিসাব রক্ষক

- সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্ধারিত অফিস সময়সূচি অনুযায়ী অফিসে উপস্থিত হতে হবে এবং হাজিরা নিশ্চিত করতে হবে।
- ই-ফাইলিং কার্যক্রম এ মাসের মধ্যেই চালু করতে হবে।
- কমিটি গঠনের মাধ্যমে অকেজো মালামাল বিনষ্টকরণ/অপসারণ/নিলামের উদ্যোগ গ্রহণ করতে হবে।
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লেখিত সিদ্ধান্তসমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্ত অত্র ইউনিটের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।

  
(মোহা: সফিকুর রহমান)  
পরিচালক (পরিকল্পনা) ও  
লাইন ডাইরেক্টর (পিএমই)  
ফোন : ০২-৫৫০১২৩৫৫।

বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে) :

- ১। জনাব সিরাজুল ইসলাম, গবেষণা কর্মকর্তা-৩, অত্র ইউনিট।
- ২। মীর মাসুদ রহমান, গবেষণা কর্মকর্তা-২ ও ডিডিও, অত্র ইউনিট।
- ৩। মো: কনক রেজা, গবেষণা কর্মকর্তা-১, অত্র ইউনিট।
- ৪। মো: মজিবুর রহমান, সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা, অত্র ইউনিট।
- ৫। জনাব/বেগম-----, অত্র ইউনিট।

অনুলিপি :

- ১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।
- ২। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।
- ৩। সংশ্লিষ্ট নথি।